

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬০২

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ সর্দি লাগা ব্যক্তির হাঁচি দিলে প্রথম হাঁচির সময় হাঁচির জবাবে 'ইয়ারহামুকাল্লাহ' (আল্লাহ তোমার প্রতি রহম করুন) বলা ওয়াজিব, এর পরের হাঁচির সময় দু'আ না বলা ক্ষমার যোগ্য বিবেচিত হবে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمَزْكُومَ يَجِبُ أَنْ يُشمت عِنْدَ أَقَّلِ عَطْسَتِهِ ثُمَّ يُعْفَى عَنْهُ فِيمَا بعد ذلك

## আরবী

602 \_ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ قَالَ: حَدَّثَنِي إِيَاسُ بْنُ سَلَمَةَ بْنِ الْأَكُوعِ قَالَ: حَدَّثَنِي أَبِي قَالَ: قَالَ: حَدَّثَنِي أَبِي قَالَ: كُنْتُ قَاعِدًا عِنْدَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَعَطَسَ رَجُلُ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَعَطَسَ رَجُلُ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (يَرْحَمُكَ اللَّهُ) ثُمَّ عَطَسَ أُخْرَى فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم: (الرجل مزكوم.)

الراوي: سَلَمَة بن الْأَكُوعِ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 602 ا خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

৬০২. সালামা বিন আকওয়া' রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "আমি একদিন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে বসে ছিলাম, এসময় এক ব্যক্তি হাঁচি দেন ফলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন 'ইয়ারহামুকাল্লাহ' (আল্লাহ তোমার প্রতি রহম করুন।) তারপর সে ব্যক্তি আবার হাঁচি দেন, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "লোকটির সর্দি লেগেছে।"[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: 8/৪৬; সহীহ মুসলিম: ২৯৯৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৩৪৫; আদাবুল মুফরাদ: ৯৩৫; আবু দাউদ: ৫০৩৭; তিরমিযী: ২৭৪৩।



আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৩৩০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সালামাহ ইবনু আক্ওয়া' (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন